অধিবেশন নং ঃ ২

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

## কাহারোল, দিনাজপুর ।

সভাপতি ঃ জনাব মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর

তারিখ ঃ ১০/০৩/২০২৫ খ্রি.
সময় ঃ বেলা ঃ ০৩:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর ঃ-**

| ক্রঃ নং | সদস্যগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর | সভাপতি | |
| ২। | উপজেলা সমবায় কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ৩। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য | 10.3.25 |
| ৪। | চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | 10.3.25 |
| ৫। | উপজেলা শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর | সদস্য সচিব | |

আলোচ্য বিষয় ঃ
১। ২০২৪-২০২৫ অর্থ বছরে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন খাতে প্রাপ্ত বরাদ্দ সম্পর্কিত আলোচনা।
২। সহকারী শিক্ষকগণের অনলাইনে বদলীর কার্যক্রম সম্পর্কিত আলোচনা।
৩। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৫ সম্পর্কিত আলোচনা।
৪। প্রাক প্রাথমিক ও ৪র্থ, ৫ম শ্রেণির পাঠ্যবই বিতরণ সম্পর্কিত আলোচনা।
৫। বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর কে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা করার জন্য আহবান জানান। অতঃপর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। ২০২৪-২০২৫ অর্থ বছরে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিভিন্ন খাতে প্রাপ্ত বরাদ্দ সম্পর্কে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, নীড বেইসড প্লেইং এক্সিসরিজ ১,৫০,০০০ টাকা হারে অত্র উপজেলার ভাবোরদিঘী ও বাগপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নামে বরাদ্দ পাওয়া গেছে। বিদ্যালয়ের রুটিন মেরামত বাবদ ২১ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নামে ৪০,০০০/= টাকা হারে বরাদ্দ পাওয়া গেছে। | বিদ্যালয় গুলো কে প্রয়োজনীয় প্রাক্কলন/এসএমসি সিদ্ধান্ত মোতাবেক যথাযথ ভাবে কাজ সম্পন্ন করে বিল ভাউচার যথাসময়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয় |
| ২। সহকারী শিক্ষকগণের অনলাইনে বদলীর কার্যক্রম বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, বিগত ২৬/০১/২০২৫ হতে ১৫/২/২০২৫ পর্যন্ত অন্ত উপজেলা অনলাইন বদলী কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান যে, পরবর্তীতে পর্যায়ক্রমে আন্তঃ উপজেলা, আন্তঃ জেলা ও আন্তঃ বিভাগ বদলী কার্যক্রম সম্পন্ন হবে। | সহকারী শিক্ষকগণের অনলাইনের বদলীর আবেদন সমূহ সঠিকভাবে যাচাই পূর্বক অগ্রায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ৩। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৫ ইতোমধ্যে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় খ বিভাগের ১ম স্থান অধিকারীগণ জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। | প্রতিযোগিদের জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করণ ও তাদের নিরাপদে যাতায়তের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়।<br>৪। প্রতিযোগির অভিভাবক। |
| ৪। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ইতোমধ্যে প্রাক প্রাথমিক ও ৪র্থ, ৫ম শ্রেণির সকল পাঠ্যপুস্তক পাওয়া গেছে এবং সুষ্ঠভাবে সকল শিক্ষার্থীর মাঝে বিতরণ নিশ্চিত করা হয়েছে। | ২০২৫ শিক্ষা বর্ষের পাঠ্যপুস্তক সুষ্ঠভাবে বিতরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ প্রদান করা হয় এবং ২০২৬ শিক্ষা বর্ষের পাঠ্যপুস্তকের চাহিদা সঠিকভাবে নিরুপন করে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর চাহিদা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক, (সকল) |

চলমান পাতা-২

| |
|---|
| ৫। বিবিধ বিষয়ে সভাপতি মহোদয় সম্মানিত সদস্যগণকে বলেন সকল শিক্ষার্থীর শতভাগ স্কুল ড্রেস নিশ্চিত করা, শিক্ষার্থিদের বিদ্যালয় পর্যায় উপস্থিতি নিশ্চিত করা এবং বাংলা ও ইংরেজি সাবলিল পঠন দক্ষতা বৃদ্ধি বিষয়ে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো বেশি আন্তরিক ও তৎপর হওয়ার জন্য অনুরোধ জানান। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

তারিখ ঃ ১০/০৩/২০২৫ খ্রি।

১০/০৩/২০২৫

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের স্থায়ী কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং ঃ উশিঅ/কাহা-দিনাজ/শিক্ষা কমিটি/২০২৫/ তারিখ ঃ ১০/০৩/২০২৫ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-**

০১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
০৩। জনাব ..............................................................................., সদস্য, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ স্থায়ী কমিটি, কাহারোল, দিনাজপুর।
০৪। সংরক্ষণ নথি।

১০/৩/২৫

(এম. কে. এ জিন্নাত আলী)
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃ দাঃ)
কাহারোল, দিনাজপুর।